গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর কর্মসম্পাদন সূচক ১.১ অনুযায়ী নৈতিকতা কমিটির **২য় সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: আবদুল ওয়াহাব ভূঞা<br>মহাপরিচালক (গ্রেড-১), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| সভার তারিখ ও সময় | : | ১৭ অক্টোবর, ২০২৩; সকাল ১১.৩০ ঘটিকা |
| সভার স্থান | : | অধিদপ্তরের সম্মেলন কক্ষ |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট-"ক" দ্রষ্টব্য |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর কর্মসম্পাদন সূচক ১.১ অনুযায়ী প্রতি ত্রৈমাসিকে একটি করে নৈতিকতা কমিটির সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে।

০২। পরিচালক (প্রশাসন) আরো জানান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের শুদ্ধাচার প্রতিষ্ঠার অন্তরায় এবং তা দূরীকরণে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী কর্মপরিকল্পনা গ্রহণপূর্বক সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে। গৃহীত কর্মপরিকল্পনা অনুযায়ী মধ্য মেয়াদী (২-৩ বছর) বাস্তবায়ন অগ্রগতি তিনি নিম্নবর্ণিতভাবে উপস্থাপন করেন:

| ক্রম | কার্যক্রমের বিবরণ/ অন্তরায় | স্বল্প মেয়াদী (১ বছর) (২০২২-২৩) | মধ্য মেয়াদী (২-৩ বছর) (২০২২-২৩, ২০২৩-২৪, ২০২৪-২৫) | বাস্তবায়ন অগ্রগতি (জুলাই/২২-সেপ্টেম্বর/২৩ পর্যন্ত) |
|---|---|---|---|---|
| ২.১ | সকল মাদকাসক্তি নিরাময় কেন্দ্র CCTV এর আওতায় না থাকা। | ৭০% মাদকাসক্তি নিরাময় কেন্দ্র CCTV এর আওতাভুক্ত করা। | ৯০% মাদকাসক্তি নিরাময় কেন্দ্র CCTV এর আওতাভুক্ত করা। | • সরকারী মাদকাসক্তি নিরাময় কেন্দ্র ৪টির মধ্যে ৩টি কেন্দ্র CCTV এর আওতাভুক্ত (রাজশাহী বিভাগের সরকারী নিরাময় কেন্দ্রটি CCTV এর আওতাভুক্ত নয়)।<br>• বেসরকারী মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের মোট ৩৬৫টির মধ্যে ৩৬০টি কেন্দ্র CCTV এর আওতাভুক্ত।<br>• সামগ্রিকভাবে ৯৮.৬৩% মাদকাসক্তি নিরাময় কেন্দ্র CCTV এর আওতাভুক্ত আছে। |
| ২.২ | বেসরকারি নিরাময় কেন্দ্রগুলোতে সার্বক্ষণিক ডাক্তার, সাইকিয়াটিস্ট এর স্বল্পতা | ২টি কেন্দ্রে সার্বক্ষণিক ডাক্তার, সাইকিয়াটিস্ট এর উপস্থিতি নিশ্চিতকরণ। | ৬টি কেন্দ্রে (২+৪) সার্বক্ষণিক ডাক্তার, সাইকিয়াট্রিস্ট এর উপস্থিতি নিশ্চিতকরণ। | ০৬টি বেসরকারি নিরাময় কেন্দ্রে ((১).ইনসাইট সাইকো সোশাল কেয়ার এন্ড রিসার্চ, কাকরাইল, ঢাকা, (২) এমপ্যাথি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, উত্তরা, ঢাকা, (৩) প্রমিসেস মেডিকেল লি:, বারিধারা, ঢাকা, (৪). প্রত্যয় মেডিকেল ক্লিনিক লি:, বনানী, ঢাকা, (৫). আলোর পথ, শ্যামপুর, ঢাকা ও (৬). উৎসব, যাত্রাবাড়ী, ঢাকা) সার্বক্ষণিক চিকিৎসক এবং খন্ডকালীন মনোচিকিৎসক কর্মরত রয়েছে। |
| ২.৩ | মাদকাসক্ত সনাক্তকরণ (ডোপ টেস্ট) পরীক্ষার সংখ্যা বৃদ্ধিকরণ | ৪০০ জন। | ২,০০০ জন (৪০০+১৬০০) | **অর্জিত**<br>(জুলাই/২০২২-সেপ্টেম্বর/২০২৩ পর্যন্ত মোট ৪,৩৫১ জনের মাদকাসক্ত সনাক্তকরণ (ডোপ টেস্ট) পরীক্ষা সম্পন্ন করা হয়েছে) |
| ২.৪ | বিভাগীয় ও জেলা কার্যালয়গুলোতে আইটি বিষয়ে প্রশিক্ষণ প্রদান | ১৫০ জন। | মোট ৪০০ জন (১৫০+২৫০) | জুলাই/২০২২-সেপ্টেম্বর/২০২৩ পর্যন্ত অধিদপ্তরের প্রধান কার্যালয়ে মোট ১৫০ জনকে আইটি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। |

০৩। পরিচালক (প্রশাসন) বলেন, অধিদপ্তর কর্তৃক গৃহিত স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী কর্মপরিকল্পনাসমূহের মধ্যে "মাদকাসক্ত সনাক্তকরণ (ডোপ টেস্ট) পরীক্ষার সংখ্যা বৃদ্ধিকরণ" পরিকল্পনাটির লক্ষ্যমাত্রা ইতোমধ্যে অর্জিত হয়েছে। তিনি অধিদপ্তরের উপজেলা পর্যায়ে অফিস স্থাপন সংক্রান্ত জনবলের কাঠামো এবং ৯ম গ্রেড হতে তদুর্দ্ধ পর্যায়ের কর্মকর্তাগণের রেশন প্রাপ্তির বিষয় অন্তরায় হিসেবে চিহ্নিত করে প্রস্তাব প্রস্তুতপুর্বক সুরক্ষা সেবা বিভাগে প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের অনুরোধ জানান।

০৪। পরিচালক (প্রশাসন) ২৩ জুলাই, ২০২৩ তারিখ অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ১ম সভায় গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি নিম্নবর্ণিতভাবে উপস্থাপন করেন :

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ৪.১ | নির্ধারিত সময়ের মধ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) সভা আয়োজন করতে হবে। | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) সভা ২৫ সেপ্টেম্বর, ২০২৩ তারিখ আয়োজন করা হয়েছে। |
| ৪.২ | ''ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকীকরণ'' শীর্ষক প্রকল্পের ২০২৩-২৪ অর্থ বছরের ১ম PIC সভা আগামী ৩১/০৯/২০২৩ তারিখের মধ্যে আয়োজন করতে হবে। | ''ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকীকরণ'' শীর্ষক প্রকল্পের মেয়াদ ০১ জুলাই, ২০২২ হতে ৩০ জুন, ২০২৫ পর্যন্ত। প্রকল্পের ১ম PIC সভা ২১/০৮/২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে। |
| ৪.৩ | নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী অধিদপ্তরের মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের অডিট কার্যক্রম সম্পন্ন করতে হবে। | গত ১৭-১৮ সেপ্টেম্বর, ২০২৩ তারিখ চুয়াডাঙ্গা জেলা কার্যালয় এবং ২০ সেপ্টেম্বর, ২০২৩ তারিখ গাজীপুর জেলা কার্যালয়ে অভ্যন্তরীন অডিট কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। |

০৫। অত:পর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৫.১ | শুদ্ধাচার প্রতিষ্ঠার অন্তরায় এবং তা দূরীকরণে গৃহীত কর্মপরিকল্পনা মোতাবেক অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়গুলোর কর্মকর্তা-কর্মচারীগণকে আইটি বিষয়ে প্রশিক্ষণ প্রদান নিয়ে আলোচনা হয়। | অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়গুলোর কর্মকর্তা-কর্মচারীগণকে আইটি বিষয়ে দক্ষ করার লক্ষ্যে ২য় কোয়ার্টারে (অক্টোবর-ডিসেম্বর/২০২৩ সময়ে) ৫০ জনকে প্রশিক্ষণ প্রদান করতে হবে। | পরিচালক (প্রশাসন)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস) |
| ৫.২ | অধিদপ্তরের উপজেলা পর্যায়ে জনবল পদায়নের কাঠামো প্রস্তুতপুর্বক সুরক্ষা সেবা বিভাগে প্রস্তাব প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | অধিদপ্তরের উপজেলা পর্যায়ে অফিস স্থাপন সংক্রান্ত জনবল পদায়নের কাঠামো প্রস্তুতপুর্বক ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখের মধ্যে সুরক্ষা সেবা বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ৫.৩ | অধিদপ্তরের ৯ম গ্রেড হতে তদুর্দ্ধ পর্যায়ের কর্মকর্তাগণের রেশন প্রাপ্তির প্রস্তাব পুর্নবিবেচনার জন্য সুরক্ষা সেবা বিভাগে প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | অধিদপ্তরের ৯ম গ্রেড হতে তদুর্দ্ধ পর্যায়ের কর্মকর্তাগণের রেশন প্রাপ্তির প্রস্তাব পুর্নবিবেচনার জন্য ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখের মধ্যে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |

০৬। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: আবদুল ওয়াহাব ভূঞা)
মহাপরিচালক (গ্রেড-১)।

নং-৫৮.০২.০০০০.০০৫.০০.০০৭.২১-৩৪৬৬

০১ কার্তিক, ১৪৩০
তারিখ: ---------------------
১৭ অক্টোবর, ২০২৩

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ)।
২। পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
৩। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।

৪। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।

৫। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা।

৬। উপপরিচালক (..............................), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন, ............................।

৭। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

৮। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৯। সহকারী পরিচালক (..............................), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন, ..........................।

১০। স্টাফ অফিসার টু ডিজি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১১। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১২। অফিস কপি।

(দীপজয় খীসা)
সহকারী পরিচালক (প্রশাসন)